



১১তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৪

তারিখ ১২.০৬.২০১৫; সময় ১ ঘণ্টা; পূর্ণমান ১০০ সেট ৩

দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বৃত্তি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১।

১. দুইটি সংখ্যার ল.সা.গু. ৮৪, গ.সা.গু. ৭। একটি সংখ্যা ২১ হলে অপর সংখ্যাটি কত?

- (ক) ৪ (খ) ১২ (গ) ৩২ (ঘ) ২৮

ব্যাখ্যা একটি সংখ্যা $\times$ অপর সংখ্যা = ল. সা. গু $\times$ গ. সা. গু
বা, $২১ \times$ অপর সংখ্যা = ৮৪×৭

$$\text{বা, অপর সংখ্যা} = \frac{৮৪ \times ৭}{২১}$$

$\therefore$ অপর সংখ্যা = ২৮

২. নিচের কোন ক্রমজোড়টি সহমৌলিক?

- (ক) (৪, ৬) (খ) (৬, ৯) (গ) (৯, ১২) (ঘ) (১২, ১৭)

ব্যাখ্যা প্রদত্ত অপশনে (ঘ) ১২, ১৭ ক্রমজোড়টি সহমৌলিক।

কারণ, $১২ = ১ \times ৩ \times ২ \times ২$

এবং $১৭ = ১ \times ১৭$

দেখা যাচ্ছে ১২ ও ১৭ এর ১ ভিন্ন অন্য কোনো সাধারণ উৎপাদক নেই। সুতরাং এরা পরস্পর সহমৌলিক।

৩. $x - \frac{1}{x} = 1$ হলে $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত?

- (ক) ২ (খ) ৪ (গ) ৬ (ঘ) ৮

ব্যাখ্যা দেয়া আছে, $x - \frac{1}{x} = 1$

$$\text{সুতরাং } x^3 - \frac{1}{x^3} = \left(x - \frac{1}{x}\right)^3 + 3 \cdot x \cdot \frac{1}{x} \left(x - \frac{1}{x}\right) \\ = (1)^3 + 3 \cdot 1 = 4$$

৪. নিচের কোনটি বৃত্তের সমীকরণ?

- (ক) $3x^2 + 4y^2 = 2$ (খ) $xy = 1$
(গ) $x + y = 4$ (ঘ) $x^2 + y^2 = 5$

ব্যাখ্যা কেন্দ্র (০,০) ও ব্যাসার্ধ r হলে বৃত্তের সমীকরণ $x^2 + y^2 = r^2$

সুতরাং $x^2 + y^2 = (\sqrt{5})^2$ হলো বৃত্তের সমীকরণ।

সুতরাং সঠিক উত্তর অপশন (ঘ)।

৫. $\log_x 324 = 4$ হলে x -এর মান কত?

- (ক) $3\sqrt{2}$ (খ) $2\sqrt{3}$ (গ) $3\sqrt{3}$ (ঘ) $2\sqrt{2}$

ব্যাখ্যা $\log_x 324 = 4$

$$\Rightarrow x^4 = 324$$

$$\Rightarrow x^4 = 3^4 \cdot 2^2$$

$$\Rightarrow x^4 = (3\sqrt{2})^4$$

$$x = 3\sqrt{2}$$

৬. একটি বৃত্তের ক্ষেত্রফল ৯ গুণ বৃদ্ধি করলে ব্যাসার্ধ কত গুণ বৃদ্ধি পাবে?

- (ক) ৩ গুণ (খ) ৬ গুণ (গ) ৯ গুণ (ঘ) ১৮ গুণ

ব্যাখ্যা বৃত্তের ক্ষেত্রফল = πr^2 বর্গ একক; এখানে r হলো বৃত্তের ব্যাসার্ধ

ধরি, প্রাথমিক ক্ষেত্রফল ১ বর্গ একক

তাহলে পরিবর্তিত " ৯

প্রাথমিক ও পরিবর্তিত ব্যাসার্ধ যথাক্রমে r_1 ও r_2 ধরলে,

$$\frac{1}{9} = \frac{\pi r_1^2}{\pi r_2^2} \Rightarrow \left(\frac{1}{3}\right)^2 = \left(\frac{r_1}{r_2}\right)^2 \Rightarrow \frac{r_1}{r_2} = \frac{1}{3}$$

$$r_1 : r_2 = 1 : 3$$

অর্থাৎ ব্যাসার্ধ ৩ গুণ বাড়বে।

৭. কোনো সমকোণী ত্রিভুজের সূক্ষ্মকোণদ্বয়ের পার্থক্য 20° হলে ক্ষুদ্রতম কোণটির মান কত?

- (ক) 35° (খ) 40° (গ) 45° (ঘ) 55°

ব্যাখ্যা ধরি, বৃহত্তম সূক্ষ্মকোণ x_1 এবং ক্ষুদ্রতম সূক্ষ্মকোণ x_2

তাহলে, $x_1 + x_2 = 90^\circ$ $\therefore$ সমকোণী ত্রিভুজের

দেয়া আছে, $x_1 - x_2 = 20^\circ$ সূক্ষ্মকোণদ্বয়ের সমষ্টি 90°

(-) করি, $2x_2 = 70^\circ$

$$x_2 = 35^\circ$$

সুতরাং ক্ষুদ্রতম কোণটির মান 35° ।

৮. ১০ টাকায় ১ হালি লেবু কিনে ৬০ টাকায় কত হালি লেবু বিক্রয় করলে ২০% লাভ হবে?

- (ক) ৫ (খ) ৬ (গ) ৭ (ঘ) ৮

ব্যাখ্যা ২০% লাভে,

ক্রয়মূল্য ১০০ টাকা হলে বিক্রয়মূল্য ১২০ টাকা

$$১ \quad " \frac{১২০}{১০০} "$$

$$১০ \quad " \frac{১২০ \times ১০}{১০০} = ১২ \text{ টাকা}$$

এখন, ২০% লাভ করতে,

১২ টাকায় বিক্রি করতে হবে ১ হালি লেবু

$$১ \quad " = \frac{১}{১২} "$$

$$৬০ \quad " = \frac{৬০}{১২} = ৫ \text{ হালি লেবু।}$$

৯. বেলা ২:৩০ ঘটিকার সময় ঘড়িতে ঘণ্টা ও মিনিটের কাঁটা পরস্পর কত ডিগ্রি কোণ উৎপন্ন করবে?

- (ক) ৯০° (খ) ১০৫.৫° (গ) ৬০° (ঘ) ১২০°

$$\text{ব্যাখ্যা} \text{ মধ্যবর্তী কোণ} = \frac{১১ \times ৩০ - ৬০ \times ২}{২}$$

$$= \frac{৩৩০ - ১২০}{২} = \frac{২১০}{২} = ১০৫^\circ$$

[Note] প্রশ্নে সঠিক উত্তর নেই। সঠিক উত্তর ১০৫° ।



১	ঘ
২	ঘ
৩	খ
৪	ঘ
৫	ক
৬	ক
৭	ক
৮	ক

৯. Note

১০. ১ থেকে ৪০ পর্যন্ত কতগুলি মৌলিক সংখ্যা বিদ্যমান?

- (ক) ১০ (খ) ১১ (গ) ১২ (ঘ) ১৩

সমাধান ১ থেকে ৪০ পর্যন্ত মৌলিক সংখ্যাগুলো হলো- ২, ৩, ৫, ৭, ১১, ১৩, ১৭, ১৯, ২৩, ২৯, ৩১, ৩৭ অর্থাৎ ১২টি।

১১. এক ব্যক্তির মাসিক আয় ও ব্যয়ের অনুপাত ৫ : ৩ এবং তাঁর মাসিক সঞ্চয় ১০,০০০ টাকা হলে তিনি কত টাকা আয় করেন?

- (ক) ২০,০০০ (খ) ২২,৫০০
(গ) ২৫,০০০ (ঘ) ৩০,০০০

সমাধান ধরি, আয় ও ব্যয় যথাক্রমে $5x$ ও $3x$ টাকা

সঞ্চয় $(5x - 3x)$ টাকা

প্রশ্নমতে, $5x - 3x = 10,000$

বা, $2x = 10,000$

বা, $x = 5,000$

আয় = $5 \times 5000 = 25,000$ টাকা।

১২. একটি বর্গক্ষেত্রের কর্ণের দৈর্ঘ্য 6cm হলে এর ক্ষেত্রফল কত হবে?

- (ক) 12 sq.cm (খ) 18 sq.cm
(গ) 24 sq.cm (ঘ) 36 sq.cm

সমাধান ধরি, বর্গের বাহুর দৈর্ঘ্য a সে. মি.

কর্ণের দৈর্ঘ্য $\sqrt{2}a$ সে. মি. এবং ক্ষেত্রফল a^2 বর্গ সে. মি.

প্রশ্নমতে, $\sqrt{2}a = 6$

$$\Rightarrow a = \frac{6}{\sqrt{2}} \Rightarrow a^2 = \left(\frac{6}{\sqrt{2}}\right)^2$$

$$a^2 = \frac{36}{2} = 18$$

বর্গটির ক্ষেত্রফল 18 বর্গ সেমি।

১৩. $1 + 3 + 6 + 10 + 15 + \dots$ ধারাটির সপ্তম পদটি কত?

- (ক) 20 (খ) 25 (গ) 21 (ঘ) 26

সমাধান ধারাটিতে,

প্রথম পদ = 1

দ্বিতীয় পদ = $3 = 1 + 2$

তৃতীয় পদ = $6 = 3 + 3$

চতুর্থ পদ = $10 = 6 + 4$

পঞ্চম পদ = $15 = 10 + 5$

ষষ্ঠ পদ = $21 = 15 + 6$

সুতরাং সপ্তম পদ = ষষ্ঠ পদ + 7 = $21 + 7 = 28$

[Note : প্রশ্নে সঠিক উত্তর নেই। সঠিক উত্তর 28।]

১৪. কোনো সংখ্যার ৬০% থেকে ৬০ বিয়োগ করলে বিয়োগফল ৬০ হলে সংখ্যাটি হবে-

- (ক) ২৫০ (খ) ৩০০ (গ) ১০০ (ঘ) ২০০

সমাধান ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, x এর ৬০% - ৬০ = ৬০

বা, $\frac{60x}{100} - 60 = 60$

$$\text{বা, } \frac{60x}{100} = 120$$

$$\text{বা, } 60x = 12,000$$

$$\therefore x = 200$$

১৫. ৬০ জন ছাত্রের মধ্যে ৪২ জন ফেল করলে পাসের হার কত?

- (ক) ২৫% (খ) ৩০% (গ) ৩২% (ঘ) ৪০%

সমাধান ৬০ জনে পাস করে $(60 - 42)$ বা ১৮ জন

$$1 = \frac{18}{60}$$

$$100 = \frac{18 \times 100}{60} = 30 \text{ জন।}$$

পাসের হার ৩০%।

১৬. $3x^3 + 2x^2 - 21x - 20$ রাশির একটি উৎপাদক হচ্ছে-

- (ক) $x + 2$ (খ) $x - 2$
(গ) $x + 1$ (ঘ) $x - 1$

সমাধান ধরি, $P(x) = 3x^3 + 2x^2 - 21x - 20$

$$\text{এখানে, } P(-1) = 3(-1)^3 + 2(-1)^2 - 21(-1) - 20 \\ = -3 + 2 + 21 - 20 = 0$$

$(x + 1)$, $P(x)$ এর একটি উৎপাদক।

১৭. $(\sqrt[3]{3} \times \sqrt[3]{4})^6$ = কত?

- (ক) 12 (খ) 36 (গ) 48 (ঘ) 144

সমাধান $(\sqrt[3]{3} \times \sqrt[3]{4})^6$

$$= \left(3^{\frac{1}{3}} \times 4^{\frac{1}{3}}\right)^6 = 3^{\frac{1}{3} \times 6} \times 4^{\frac{1}{3} \times 6} = 3^2 \times 4^2 = 144$$

১৮. $3^{3x-8} = 3^4$ হলে x -এর মান কত?

- (ক) 3 (খ) 4 (গ) 2 (ঘ) 6

সমাধান $3^{3x-8} = 3^4$

$$\text{বা, } 3x - 8 = 4$$

$$\text{বা, } 3x = 12$$

$$x = 4$$

১৯. কোনো ত্রিভুজের তিনটি বাহুকে বর্ধিত করলে উৎপন্ন বহিঃস্থ কোণ তিনটির সমষ্টি কত?

- (ক) 90° (খ) 180° (গ) 270° (ঘ) 360°

সমাধান আমরা জানি, যে কোনো ত্রিভুজের তিন কোণের সমষ্টি = 180°


অর্থাৎ $x + y + z = 180^\circ \dots\dots (i)$

আবার, এক সরলকোণ = 180°

বহিঃস্থ কোণ তিনটির যোগফল

$$= (180^\circ - x) + (180^\circ - y) + (180^\circ - z)$$

$$= 540^\circ - (x + y + z) = 540^\circ - 180^\circ = 360^\circ$$



২০. একটি সমবাহু ত্রিভুজের একটি বাহুর দৈর্ঘ্য ১৬ মিটার হলে, ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ মিটার?

- (ক) $৩২\sqrt{৩}$ (খ) $৬৪\sqrt{৩}$ (গ) ৬৪ (ঘ) ৩২

(সমাধান) সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য, $a = ১৬$ মিটার

$$\begin{aligned} \text{ক্ষেত্রফল} &= \frac{\sqrt{3}a^2}{8} \text{ বর্গমিটার} \\ &= \frac{\sqrt{3} \times (১৬)^2}{8} \text{ বর্গমিটার} \\ &= ৬৪\sqrt{৩} \text{ বর্গমিটার।} \end{aligned}$$

২১. সূর্যের উন্নতি কোণ 60° হলে একটি মিনারের ছায়ার দৈর্ঘ্য ২৪০ মিটার হয়। মিনারটির উচ্চতা কত?


- (ক) ৪১৫.৬৯ মিঃ (খ) ৪১৭ মিঃ (গ) ৩১৫.৬৯ মিঃ (ঘ) ৩১৫ মিঃ

(সমাধান) দেয়া আছে, মিনারের

ছায়ার দৈর্ঘ্য $BC = ২৪০$ মিটার

সূর্যের উন্নতি কোণ $= 60^\circ$

মিনারের উচ্চতা $AB = h = ?$



চিত্র হতে, $\tan 60^\circ = \frac{AB}{BC}$

$$\text{বা, } \sqrt{3} = \frac{h}{240}$$

$$\text{বা, } h = 240\sqrt{3}$$

$$\therefore h = 415.69 \text{ মিটার।}$$

২২. ত্রিভুজের যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক সরলরেখা তৃতীয় বাহুর—

- (ক) সমান (খ) অর্ধেক (গ) দ্বিগুণ (ঘ) তিনগুণ

(সমাধান) জ্যামিতিক উপপাদ্য : ত্রিভুজের যে কোনো দুই বাহুর মধ্যবিন্দুর সংযোজক রেখাংশ তৃতীয় বাহুর সমান্তরাল ও দৈর্ঘ্যে তার অর্ধেক।

২৩. $\sin\theta$ -এর সর্বনিম্ন মান কত?

- (ক) ০ (খ) -২ (গ) ১ (ঘ) -১

(সমাধান) $\sin\theta$ ও $\cos\theta$ -এর সর্বোচ্চ ও সর্বনিম্ন মান যথাক্রমে +১ ও -১

সুতরাং $\sin\theta$ -এর সর্বনিম্ন মান -১

২৪. একটি সংখ্যা ৬৫০ থেকে যত বড় ৮২০ থেকে তত ছোট। সংখ্যাটি কত?

- (ক) ৭৩০ (খ) ৭৩৫ (গ) ৭৮০ (ঘ) ৭৯০

(সমাধান) সংখ্যাটি 'ক' হলে,

$$৮২০ - ক = ক - ৬৫০$$

$$\text{বা, } ২ক = ৮২০ + ৬৫০$$

$$\text{বা, } ক = \frac{১৪৭০}{২} \quad ক = ৭৩৫$$

২৫. ২৪ সংখ্যাটি কোন সংখ্যার ৩২% এর সমান?

- (ক) ৬০ (খ) ৬৫ (গ) ৭০ (ঘ) ৭৫

(সমাধান) মনে করি, সংখ্যাটি = x

প্রশ্নানুসারে, x এর ৩২% = ২৪

$$\text{বা, } \frac{৩২x}{১০০} = ২৪$$

$$\text{বা, } ৩২x = ২৪০০$$

$$\therefore x = ৭৫$$

২৬. প্রাচীন বাংলায় সম্রাট বলতে কোন কোন অঞ্চলকে বোঝানো হতো?

- (ক) কুমিল্লা ও বরিশাল (খ) কুমিল্লা ও নোয়াখালী
(গ) ময়মনসিংহ ও নরসিংদী (ঘ) ময়মনসিংহ ও জামালপুর

২৭. বাংলাদেশের প্রথম সবার চলচ্চিত্র 'মুখ ও মুখোশ' এর সংগীত পরিচালক কে ছিলেন?

- (ক) সমর দাস (খ) সুবল দাস
(গ) খান আতাউর রহমান (ঘ) গাজী মাজহারুল আনোয়ার

২৮. বর্তমানে বাংলাদেশের দারিদ্রের হার কত?

- (ক) ২৫.৬% (খ) ২৪.৫% (গ) ২৩.৬% (ঘ) ২৬.৫%

[Note : বাংলাদেশ অর্থনৈতিক সমীক্ষা ২০১৮ অনুসারে দেশে দারিদ্রের উর্ধ্বসীমা ২৪.৩% এবং নিম্নসীমা ১২.৯%।]

২৯. বাংলাদেশ ব্যাংকের গভর্নরের মেয়াদকাল কত?

- (ক) ২ বছর (খ) ৩ বছর
(গ) ৪ বছর (ঘ) ৫ বছর

৩০. বর্তমান মুজিবনগরের পূর্ব নাম কি ছিল?

- (ক) চন্দ্রবাড়ি (খ) ভবের পাড়া
(গ) টুংগীপাড়া (ঘ) শিমুলিয়া

৩১. বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি চা বাগান আছে?

- (ক) সিলেট (খ) হবিগঞ্জ
(গ) মৌলভীবাজার (ঘ) সুনামগঞ্জ

৩২. পূর্বাশা দ্বীপের অপর নাম কি?

- (ক) নিঝুম দ্বীপ (খ) সেন্টমার্টিন দ্বীপ
(গ) দক্ষিণ তালপাড়া দ্বীপ (ঘ) কুতুবদিয়া দ্বীপ

৩৩. আপেলে কোন এসিড বিদ্যমান থাকে?

- (ক) ম্যালিক এসিড (খ) ফলিক এসিড
(গ) অক্সালিক এসিড (ঘ) সাইট্রিক এসিড

৩৪. সুনামির (Tsunami) কারণ হলো—

- (ক) আগুপাত (খ) ঘূর্ণিঝড়
(গ) চন্দ্র ও সূর্যের আকর্ষণ (ঘ) সমুদ্র তলদেশে ভূমিকম্প

৩৫. লোহিত কবিকার আয়ুষ্কাল কতদিন?

- (ক) ১২০ দিন (খ) ১০০ দিন
(গ) ৮০ দিন (ঘ) ৬০ দিন

৩৬. কোন রঙের কাপে চা তাড়াতাড়ি ঠাণ্ডা হয়?

- (ক) লাল (খ) কালো
(গ) সাদা (ঘ) সবুজ

৩৭. নিচের কোন বিষয়টির সাথে কম্পিউটার সম্পৃক্ত?

- (ক) ফ্যাক্স (খ) ই-মেইল
(গ) টেলিফোন (ঘ) টেলিভিশন



২০	খ
২১	ক
২২	খ
২৩	ঘ
২৪	খ
২৫	ঘ
২৬	খ
২৭	ক
২৮	Note
২৯	গ
৩০	খ
৩১	গ
৩২	গ
৩৩	ক
৩৪	ঘ
৩৫	ক
৩৬	খ
৩৭	খ



৩৮	ক
৩৯	ক
৪০	খ
৪১	ঘ
৪২	গ
৪৩	ঘ
৪৪	ক
৪৫	ক
৪৬	খ
৪৭	খ
৪৮	গ
৪৯	গ
৫০	ঘ
৫১	ক
৫২	খ
৫৩	গ
৫৪	গ
৫৫	ক
৫৬	খ
৫৭	খ
৫৮	গ
৫৯	খ
৬০	ঘ
৬১	ক
৬২	ঘ
৬৩	ক
৬৪	খ
৬৫	গ
৬৬	খ
৬৭	ঘ
৬৮	খ

৩৮. বঙ্গবন্ধু কবে 'জুলিও কুরি' পুরস্কার লাভ করেন?
 (ক) ১০ অক্টোবর ১৯৭২ (খ) ৭ নভেম্বর ১৯৭২
 (গ) ১৬ ডিসেম্বর ১৯৭২ (ঘ) ২৫ ডিসেম্বর ১৯৭২
৩৯. চিরশান্তির শহর কোনটি?
 (ক) রোম (খ) ভেনিস
 (গ) এথেন্স (ঘ) অসলো
৪০. কোন আরব দেশ বাংলাদেশকে প্রথম স্বীকৃতি দেয়?
 (ক) মিশর (খ) ইরাক
 (গ) জর্ডান (ঘ) কুয়েত
৪১. বিশ্ব মানবাধিকার দিবস কবে পালিত হয়?
 (ক) ১০ জুন (খ) ১০ আগস্ট
 (গ) ১০ অক্টোবর (ঘ) ১০ ডিসেম্বর
৪২. ভুটানের মুদ্রার নাম কি?
 (ক) রুপী (খ) রুশিয়া (গ) গুলড্রাম (ঘ) বাথ
৪৩. জাতিসংঘের বর্তমান সদস্য সংখ্যা কত?
 (ক) ১৯০টি (খ) ১৯১টি
 (গ) ১৯২টি (ঘ) ১৯৩টি
৪৪. বাতাসের শহর হিসেবে পরিচিতি—
 (ক) শিকাগো (খ) নিউইয়র্ক
 (গ) ওয়াশিংটন (ঘ) সিডনী
৪৫. বাংলাদেশে কোন উপজাতির সংখ্যা বেশি?
 (ক) চাকমা (খ) সাঁওতাল
 (গ) গারো (ঘ) মারমা
৪৬. ইউরোপীয় ইউনিয়নের সদর দপ্তর কোথায়?
 (ক) লন্ডন (খ) ব্রাসেলস
 (গ) রোম (ঘ) প্যারিস
৪৭. আরাকান পাহাড় হতে উৎপন্ন নদী কোনটি?
 (ক) ফেনী (খ) সাঙ্গু
 (গ) কর্ণফুলি (ঘ) নাফ
৪৮. পৃথিবীতে সবচেয়ে কঠিন খনিজ পদার্থ কোনটি?
 (ক) লৌহ (খ) ইস্পাত
 (গ) হীরক (ঘ) পাথর
৪৯. সমুদ্র বায়ু কখন প্রবল বেগে প্রবাহিত হয়?
 (ক) শেষরাতে (খ) মধ্যাহ্নে
 (গ) অপরাহ্নে (ঘ) সবসময়
৫০. আন্তর্জাতিক আণবিক শক্তি সংস্থার সদর দপ্তর কোথায় অবস্থিত?
 (ক) জেনেভা (খ) বার্লিন
 (গ) প্যারিস (ঘ) ভিয়েনা
৫১. ভাষার মূল উপকরণ কী?
 (ক) বাক্য (খ) ধ্বনি
 (গ) শব্দ (ঘ) বর্ণ
৫২. জুতো শব্দটি কোন ভাষার?
 (ক) সাধু (খ) চলিত
 (গ) প্রাকৃত (ঘ) কোল
৫৩. কোনটি দ্রব্য ধ্বনি?
 (ক) গ (খ) প
 (গ) ত (ঘ) চ

৫৪. বাংলা সাহিত্যে ভোরের পাখি কে?
 (ক) রবীন্দ্রনাথ ঠাকুর (খ) স্বর্ণকুমারী দেবী
 (গ) বিহারীলাল চক্রবর্তী (ঘ) ঈশ্বরচন্দ্র গুপ্ত
৫৫. কোন শব্দটি ঘোড়ার সমার্থক?
 (ক) তুরঙ্গ (খ) ভূজঙ্গ
 (গ) কুরঙ্গ (ঘ) বিহঙ্গ
৫৬. মীর মশাররফ হোসেনের ছদ্মনাম কী?
 (ক) বনফুল (খ) গাজীমিয়া
 (গ) ভ্রমর (ঘ) জরাসন্ধ
৫৭. 'পুকুর চুরি' বাগধারাটির অর্থ—
 (ক) অবাস্তব বস্তু (খ) বড় ধরনের চুরি
 (গ) পুকুর চুরি করা (ঘ) লোপাট
৫৮. উদ্ধৃতি চিহ্ন কোথায় বসে?
 (ক) বাক্যের শেষে (খ) শ্রেষাঙ্গক বাক্যের মাঝে
 (গ) সংলাপে (ঘ) প্রশ্নবোধক বাক্যে
৫৯. ইদুর কপালে কী?
 (ক) প্রবাদ (খ) বাগধারা
 (গ) সমস্ত পদ (ঘ) ব্যাসবাক্য
৬০. কোন বানানটি শুদ্ধ?
 (ক) সমিচীন (খ) সমীচিন
 (গ) সমিচিন (ঘ) সমীচীন
৬১. নষ্ট হওয়া স্বভাব নয় যার—এককথায় কী হবে?
 (ক) অবিদ্যমান (খ) নষ্ট
 (গ) নষ্ট স্বভাব (ঘ) বিনষ্ট
৬২. দোষী ছাত্রটিকে জরিমানা করা হয়েছে।— এখানে 'ছাত্রটিকে' কোন কারকে কোন বিভক্তি?
 (ক) কর্তব্য দ্বিতীয়া (খ) করণে দ্বিতীয়া
 (গ) অধিকরণে দ্বিতীয়া (ঘ) কর্মকারকে দ্বিতীয়া
৬৩. সমাস নির্ণয় করুন—'ধানের ক্ষেত'—
 (ক) যষ্ঠী তৎপুরুষ (খ) বহুব্রীহি
 (গ) কর্মধারয় (ঘ) অব্যয়ীভাব
৬৪. 'শোক' শব্দের বিপরীত—
 (ক) দুঃখ (খ) হর্ষ
 (গ) অনুতাপ (ঘ) ব্যথা
৬৫. উৎ + স্থাস—এটি কোন সন্ধি?
 (ক) নিপাতনে সিদ্ধ (খ) স্বরসন্ধি
 (গ) ব্যঞ্জন সন্ধি (ঘ) জটিল সন্ধি
৬৬. বাক্যে সেমিকোলন (;) থাকলে কতক্ষণ ধামতে হয়?
 (ক) ১ বলতে যে সময় লাগে (খ) ১ বলার দ্বিগুণ সময়
 (গ) ১ সেকেন্ড (ঘ) ২ সেকেন্ড
৬৭. সুহৃদ কী ধরনের শব্দ?
 (ক) মৌলিক (খ) রুঢ়ী
 (গ) যোগরূঢ় (ঘ) যোগিক
৬৮. তিনি সং কিন্তু কৃপণ—বাক্যটি—
 (ক) সরল বাক্য (খ) যোগিক বাক্য
 (গ) মিশ্র বাক্য (ঘ) বিশেষ্যবোধক বাক্য

৬৯. 'খেচর' শব্দটির অর্থ কী?

- (ক) খচ্চর (খ) দুষ্ট প্রকৃতির লোক
(গ) চাকর (ঘ) যে গ্রামী জলেও চরে স্থলেও চরে
[Note : 'খেচর' শব্দের অর্থ আকাশে বিচরণকারী আকাশচরী। খচ্চর শব্দ দ্বারা বোঝায় ঘোড়া ও গাধার সম্মিলনে উৎপন্ন পশু, দুষ্ট, বদম্যেশ।]

৭০. কোনটি নিত্য নারী বাচক শব্দ?

- (ক) জেনানা (খ) সতীন (গ) শিক্ষিকা (ঘ) ধাত্রী

৭১. কোনটি জীবনানন্দ দাশের কাব্য নয়?

- (ক) ঝরা পালক (খ) সাতটি তারার তিমির
(গ) অর্কেক্ট্রা (ঘ) মহাপৃথিবী

৭২. 'ফুড কনফারেন্স' এর রচয়িতা কে?

- (ক) মীর মশাররফ হোসেন (খ) কাজী নজরুল ইসলাম
(গ) ডঃ মোহাম্মদ শহীদুল্লাহ (ঘ) আবুল মনসুর আহমেদ

৭৩. কালি ও কলম কী?

- (ক) উপন্যাস (খ) কাব্যগ্রন্থ (গ) পত্রিকা (ঘ) প্রবন্ধ

৭৪. প্রত্যয় কয় প্রকার?

- (ক) এক (খ) দুই (গ) তিন (ঘ) চার

৭৫. বাংলা সাহিত্যের আধুনিকতম শাখা কোনটি?

- (ক) কাব্য (খ) ছোটগল্প (গ) নাটক (ঘ) উপন্যাস

৭৬. Which one is the correct passive form of the sentence 'Your conduct pleased me'?

- (ক) I am pleased of your conduct
(খ) I was pleased with your conduct
(গ) I was pleased by your conduct
(ঘ) I was pleased at your conduct

তথ্য্য Active sentence কে Passive করার জন্য object-কে subject + be verb (Tense ও subject অনুযায়ী) + মূল verb এর past participle + extension ব্যবহৃত হয়। প্রশ্নোক্ত বাক্যটি past indefinite হয়। I এর পর was হবে এবং pleased থাকায় এর পর with হবে। এজন্য (খ) ই সঠিক।

৭৭. Choose the verb form of 'friend'.

- (ক) friendship (খ) friended
(গ) befriend (ঘ) enfriend

তথ্য্য Friend এর verb হচ্ছে befriend যার অর্থ বন্ধু হওয়া।

৭৮. 'তার জন্য জায়গা করে দাও'—এর শুদ্ধ ইংরেজি—

- (ক) Make place for him (খ) Manage place for him
(গ) Make accommodation for him
(ঘ) Make room for him

তথ্য্য জায়গা করে দেয়া এর ইংরেজি হচ্ছে make room। সুতরাং (ঘ) সঠিক।

৭৯. What is the synonym of 'reveal'?

- (ক) disclose (খ) conceal (গ) proclaim (ঘ) pacify

তথ্য্য Reveal - অর্থ প্রকাশ করা, উন্মোচন করা। Disclose - উন্মোচন করা; conceal - গোপন করা; Proclaim - দাবি করা এবং pacify - শান্ত করা। সুতরাং reveal-এর synonym হচ্ছে disclose।

৮০. Fill in the blank with appropriate preposition in the sentence :

I am pleased—hear about your promotion.

- (ক) by (খ) to
(গ) with (ঘ) for

তথ্য্য Pleased to do sth হচ্ছে একটি Appropriate ব্যবহার। সুতরাং সে হিসেবে (খ) সঠিক।

৮১. 'Swan song' means—

- (ক) First work (খ) Last work
(গ) Middle work (ঘ) Early work

তথ্য্য Swan song একটি phrase যার অর্থ শেষ কর্ম বা শেষ রচনা। সুতরাং (খ) Last work-ই সঠিক উত্তর।

৮২. Sinners will suffer—

- (ক) in fine (খ) in the long run
(গ) in no time (ঘ) in the court

তথ্য্য প্রশ্নোক্ত বাক্যটির অর্থ হচ্ছে—পাপীরা অবশেষে ভোগে। এ অর্থে Appropriate phrase হচ্ছে (খ) in the long run (অবশেষে)।

৮৩. "All men must die"—Negative form of this sentence is—

- (ক) No men will never die
(খ) None but all men will die
(গ) Nothing but all men must die
(ঘ) None can avoid death

তথ্য্য অর্থগত দিক থেকে বিবেচনা করলে দেখা যায় যে, 'সকল মানুষ অবশ্যই মৃত্যু গ্রহণ করবে' একটি হ্যাঁ বোধক বাক্য অর্থাৎ যেটা 'must' ব্যবহার করে emphasis করা হয় সেটা avoid করা যায় না। সুতরাং না বোধক হিসাবে বলা যায়, 'কেউ মৃত্যুকে এড়াতে পারে না।' যার ইংরেজী হচ্ছে—None can avoid death. তাই সঠিক উত্তর (ঘ)।

৮৪. I would rather die—

- (ক) to beg (খ) than beg
(গ) than begging (ঘ) than would have begged

তথ্য্য বরং মরবো তবু করবো না। —এ ধরনের expression-এর জন্য would rather + verb এর present form + than + verb এর present form ব্যবহৃত হয়। সুতরাং structure ও অর্থানুসারে (খ) ই সঠিক।

৮৫. Had I been rich, I —

- (ক) would have helped the poor (খ) will help the poor
(গ) had helped the poor (ঘ) would help the poor

তথ্য্য অতীতের অপূর্ণীয় ইচ্ছা প্রকাশ করতে 'Had' দিয়ে বাক্য শুরু হলে পরবর্তী অংশে would have + verb এর past participle form ব্যবহৃত হয়। সুতরাং নিয়মানুযায়ী (ক) ই সঠিক।

৮৬. Do not insist — his going there.

- (ক) to (খ) on
(গ) with (ঘ) in

তথ্য্য কাউকে কোনো কিছুর জন্য জোর করা বা চাপাচাপি করা অর্থ insist এর পর 'on' preposition ব্যবহৃত হয়।



৬৯ Note

৭০ খ

৭১ গ

৭২ ঘ

৭৩ গ

৭৪ খ

৭৫ খ

৭৬ খ

৭৭ গ

৭৮ ঘ

৭৯ ক

৮০ খ

৮১ খ

৮২ খ

৮৩ ঘ

৮৪ খ

৮৫ ক

৮৬ খ

৮৭. What is the noun form of 'believe'?

- (ক) believe (খ) belief
(গ) believable (ঘ) beliefance

ব্যাখ্যা Believe (বিশ্বাস করা) শব্দটি verb যার Noun form হচ্ছে belief (বিশ্বাস)।

৮৮. Select the right word to fill in the sentence
"He ran fast lest he — miss the train."

- (ক) can (খ) should (গ) could (ঘ) would

ব্যাখ্যা কোনো আশঙ্কার কারণে কোনো কাজ করা হলে 'lest' conjunction হিসাবে ব্যবহৃত হয় এবং এর পরবর্তী verb এর পূর্বে should ব্যবহৃত হয়। সুতরাং (খ) উত্তর।

৮৯. Phonetics is concerned with—

- (ক) Pronunciation (খ) Word building
(গ) Sentence making (ঘ) Passage

ব্যাখ্যা Phonetics হচ্ছে ভাষার ধ্বনিবিজ্ঞান যা ধ্বনির উচ্চারণ বা Pronunciation নিয়ে আলোচনা করে।

৯০. He advised me — smoking.

- (ক) give up (খ) to stop
(গ) to give up (ঘ) from giving up

ব্যাখ্যা Advise sb to do sth হচ্ছে একটি Appropriate ব্যবহার। আর smoking হচ্ছে একটি বদঅভ্যাস যা ত্যাগ করতে হয় (give up)। সুতরাং ব্যবহার ও অর্থগত দিক থেকে (গ) to give up ই সঠিক।

৯১. Would you mind (to take) simply a cup of coffee? The correct verb form would be—

- (ক) to take (খ) taken
(গ) taking (ঘ) for taking

ব্যাখ্যা বিনম্র অনুরোধ বা polite request করতে বাক্যের শুরুতে Would you mind ব্যবহৃত হয় এবং এর পর verb + ing বসে। সুতরাং (গ) taking ই সঠিক।

৯২. The passive form of the sentence "Do it as I say" is—

- (ক) Let it be done as is said by me
(খ) Let it be done as I say
(গ) It should be done as I say
(ঘ) Be it done as it is said

ব্যাখ্যা Imperative sentence-এর passive করতে let + object + be + মূল verb-এর past participle form ব্যবহৃত হয়। প্রস্তোত বাক্যে 'as I say' অংশটি অনুরূপ থাকবে, কারণ এই অংশের passive করতে গেলে বাক্য তার অর্থের যোগ্যতা হারাবে। সুতরাং (খ) ই সঠিক।

৯৩. 'Blue blood' means—

- (ক) aristocratic birth (খ) scoundrel
(গ) fresh blood (ঘ) blood of king

ব্যাখ্যা Blue blood—অর্থ অভিজাত্য। Aristocratic birth—অভিজাত জন্ম বা সম্ভ্রান্ত বংশে জন্ম; Scoundrel—ইতর দুর্বৃত্ত; fresh blood—তাজা রক্ত; blood of king—রাজার বংশ। সুতরাং (ক) সঠিক।

৯৪. I look forward—you.

- (ক) to see (খ) meeting
(গ) to hearing from (ঘ) to meet

ব্যাখ্যা Look forward to—একটি phrase যার অর্থ অধীর আগ্রহে অপেক্ষা করা। এর পরে verb + ing ব্যবহৃত হয়। সুতরাং (গ) to hearing from সঠিক।

৯৫. We worked hard so that we—succeed.

- (ক) can (খ) could (গ) may (ঘ) should

ব্যাখ্যা So that সংবলিত বাক্যে সাধারণত can, could, may, might বসে। প্রস্তোত বাক্যটি যেহেতু past tense-এ আছে, তাই so that এর পরে can এর past form 'could' বসবে।

৯৬. — water of this pond is clear. Use article.

- (ক) the (খ) a (গ) no article (ঘ) an

ব্যাখ্যা সাধারণত water এর পূর্বে article আসে না। তবে কোনো নির্দিষ্ট নদী, পুকুর বা জলাশয়ের পানি নির্দেশ করতে water এর পূর্বে the হবে। প্রস্তোত বাক্যে this pond থাকায় water এর পূর্বে the হবে। এছাড়া 'of' যখন দুটি noun এর সম্পর্ককে নির্দেশ করে তখন উভয় noun এর পূর্বে (proper noun ছাড়া) 'the' বসে।

৯৭. Which one is a compound noun?

- (ক) Headmaster (খ) Information
(গ) Friday (ঘ) Examination

ব্যাখ্যা Option গুলোর মধ্যে Headmaster (Head + master) হচ্ছে দুটি noun এর সমন্বয়ে গঠিত একটি compound noun। অন্য Noun গুলো suffix ও prefix দিয়ে গঠিত হয়েছে।

৯৮. The man was — murder.

- (ক) hung for (খ) hanged for
(গ) hanged (ঘ) hung to

ব্যাখ্যা কোনো অপরাধের জন্য ফাঁসি দেওয়ার verb হচ্ছে hang (for) এবং এর past ও past participle form হচ্ছে hanged। সুতরাং (খ) ই সঠিক।

৯৯. 'Head over heels in love' means—

- (ক) loving somebody
(খ) disliking somebody very much
(গ) hating love strongly
(ঘ) loving somebody very much

ব্যাখ্যা 'Head over heels in love' একটি phrase যার অর্থ হচ্ছে কাউকে খুব বেশি ভালোবাসা বা পুরোপুরি প্রেমে পড়া অর্থাৎ loving somebody very much।

১০০. Choose the correct sentence :

- (ক) No sooner had I came than he went away
(খ) No sooner I come than he went away
(গ) No sooner had I come hen he went away
(ঘ) No sooner had I come than he went away

ব্যাখ্যা করতে না করতেই, হতে না হতেই— এমন expression এর জন্য No sooner had + sub + verb এর past participle form + than + sub + verb এর past form ব্যবহৃত হয়।



উত্তর

৮৭ খ

৮৮ খ

৮৯ ক

৯০ গ

৯১ গ

৯২ খ

৯৩ ক

৯৪ গ

৯৫ খ

৯৬ ক

৯৭ ক

৯৮ খ

৯৯ ঘ

১০০ ঘ